

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৩০৪.০২.০১৬.২৪- ১৭৬

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-৪ এর ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫. ২০২১-৮৬ নম্বর স্মারকে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে সারাদেশে আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ৩১(ক) অনুচ্ছেদে বর্ণিত লাইসেন্স নবায়নের সময়সীমা শুধুমাত্র ২০২৩ সালের জন্য ১৫ মার্চ ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো। নড়াইল জেলার লাইসেন্সধারীগণ তাদের লাইসেন্স নবায়নের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি এবং ফি-এর ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর নিম্নবর্ণিত কোডে চালানোর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি ও আনুষঙ্গিক কাগজপত্র, লাইসেন্স, আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদসহ এ কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উপস্থিত হয়ে দাখিল করবেন।

নবায়নের জন্য প্রদেয় ফি

লাইসেন্সধারীর প্রকার	আগ্নেয়াস্ত্রের ধরণ	নবায়ন ফি	ভ্যাট (নবায়ন ফি'র ১৫%)	১০% উৎসে কোড নম্বর
ব্যক্তি পর্যায়ে	পিস্তল/রিভলবার	১০,০০০/- (দশ হাজার)	১,৫০০/-	১,০০০/-
	বন্দুক/শটগান/ রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার)	৭৫০/-	৫০০/-
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাক পর্যায়ে	লং ব্যারেল	৫,০০০/- (পাঁচ হাজার)	৭৫০/-	৫০০/-
প্রতিষ্ঠান পর্যায়ে	লং ব্যারেল	১০,০০০/- (দশ হাজার)	১,৫০০/-	১,০০০/-
ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান	--	৫,০০০/- (পাঁচ হাজার)	৭৫০/-	৫০০/-
সেফ কিপিং	--	৩,০০০/- (তিন হাজার)	৪৫০/-	৩০০/-
নবায়নের ফিস নবায়ন কোড- ১-২২১১-০০০০-১৮৫৯		ভ্যাট জমার কোড- ১১৪১১০১		উৎসে টাকা জমার কোড- ১১১১০১

০২. নীতিমালার ৩১ এর গ অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থ হলে নিম্নস্বাক্ষরকারীর নিকট নবায়ন না করতে পারার জন্য সন্তোষজনক ব্যাখ্যাসহ আবেদন করতে হবে।

০৩. নীতিমালার ৩১ এর ঘ অনুচ্ছেদ অনুযায়ী আবেদন সন্তোষজনক বিবেচিত হলে পূর্ণ লাইসেন্স ফি এর সমপরিমাণ অর্থ আদায়পূর্বক লাইসেন্স নবায়ন করা যাবে।

০৪. নীতিমালার ৩১ এর ঙ অনুচ্ছেদ অনুযায়ী ধারাবাহিকভাবে ৫(পাঁচ) বছরের অধিককাল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন করা না হলে নবায়নের কোন আবেদন বিবেচনা করা হবে না।

০৫. নীতিমালার ৩১.ছ অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে লাইসেন্সধারীর সাক্ষাৎকার এবং অস্ত্র ব্যবহারে শারীরিক ও মানসিক সক্ষমতা নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করা হবে। তবে লাইসেন্সধারীর বয়স ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়নযোগ্য হবে না।

জুলিয়া সুকায়না
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
নড়াইল

ফোন-০২-৪৭৭৭৭৩০১


ই-মেইলঃ dcnarail@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৩০৪.০২.০১৬.২৪- ২৭৬

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,------(সকল)।
- ৪। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, নড়াইল।
- ৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার,------(সকল), নড়াইল (আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি নিজ নিজ অধিক্ষেত্রে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। নেজারত ডেপুটি কালেক্টর, নড়াইল (প্রয়োজনীয় যানবাহন সরবরাহের অনুরোধসহ)।
- ৮। জনাব মোঃ জিসান আলী, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।
- ৯। জনাব নুরেন মায়িশা খান, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল।
- ১০। জেলা তথ্য অফিসার, নড়াইল। তাঁকে সকল উপজেলা শহরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক----- ব্যাংক, নড়াইল (তার আওতাধীন সকল শাখায় বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
- ১২। অফিসার ইনচার্জ----- থানা (সকল), নড়াইল। তাঁর থানা এলাকাধীন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী কোন ফৌজদারি মামলার সাজাপ্রাপ্ত আসামি কি না অথবা কোন হত্যা, ধর্ষণ, নারী নির্যাতন ও মাদকদ্রব্য সংক্রান্ত অপরাধের চার্জশিটভুক্ত আসামি কি না সে বিষয়ে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, নড়াইল।
- ১৫। স্বত্বাধিকারী/ম্যানেজার, চিত্রাবলী স্যাটালাইট/নড়াইল ভিশন, নড়াইল। তাঁকে স্থানীয় টিভি স্ক্রলে প্রচারের জন্য অনুরোধ করা হলো।


 জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
 নড়াইল।